যুগান্তর

তারিখ 17 MAR 2008
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# এসএসসিতে পরীক্ষার্থী ৪২ হাজার কমেছে

বিডিনিউজ ২৪ ডটকম

এবারের এসএসসি পরীক্ষায় সাতটি বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা গতবারের চেয়ে প্রায় ৪২ হাজার কমেছে। ২০০৭ সালে ৭ লাখ ৯৬ হাজার ৭৩ জন পরীক্ষার্থী অংশ নিলেও এবারের এসএসসি পরীক্ষায় মোট ৭ লাখ ৫৩ হাজার ৯৫৭ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে।

সাতটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে আগামী ২৭ মার্চ শুরু হবে ২০০৮ সালের এই পাবলিক পরীক্ষা। মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিল এবং কারিগরি বোর্ডের অধীনে এসএসসি ভোকেশনাল পরীক্ষাও শুরু হবে একই সঙ্গে।

ঢাকা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) মোঃ ফজলে এলাহী রোববার বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে বলেন, '২৭ মার্চ থেকে পরীক্ষা গ্রহণের জন্য আমরা যাবতীয় প্রস্তুতি শেষ করেছি। ইতিমধ্যে জেলা প্রশাসকদের প্রতিনিধিদের কাছে প্রশ্নপত্র পাঠিয়ে দেয়া হয়েছে। বিদেশে সাতটি কেন্দ্রের জন্য কূটনীতিকদের মাধ্যমে প্রশ্নপত্র ও খাতা পাঠিয়ে দেয়া হয়েছে।'

তিনি আরও জানান, পরীক্ষা চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার জন্য ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে বিদ্যুৎ সচিব বরাবর চিঠি দেয়া হয়েছে।

পরীক্ষা সুষ্ঠুভাবে নেয়ার জন্য ২২ মার্চ ঢাকা বোর্ডের আওতাধীন কেন্দ্র সচিবদের সঙ্গে

এসএসসি : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## এসএসসি : পরীক্ষার্থী

(শেষ পৃষ্ঠার পর)

মতবিনিময়ের আয়োজনের কথা উল্লেখ করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক আরও জানান, এ মতবিনিময় সভা ঢাকা বোর্ডে অনুষ্ঠিত হবে। এছাড়া পরীক্ষার আগে সংবাদ সম্মেলন করেও পরীক্ষার বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হবে।